



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম



নং- ০১/২০২৪

০৩ মার্চ ২০২৪ খ্রি:

বিজ্ঞপ্তি : ৫৯ ব্যাচ ক্যাডেট প্রশিক্ষণে যোগদান

বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম -এ ভর্তিকৃত ১৬০ জন পুরুষ ও ২০ জন মহিলা (১৮০ জন) ক্যাডেটদের প্রশিক্ষণ আগামী ০৭ মার্চ ২০২৪ খ্রি: তারিখ হতে বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম ক্যাম্পাসে শুরু হবে।

(১) ০৬ মার্চ ২০২৪ তারিখ সকাল ০৯.৩০-১১.৩০ ঘটিকায় বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের অভিটোরিয়ামে একাডেমি কর্তৃপক্ষ এবং সম্মানিত অভিভাবকবৃন্দের সমন্বয়ে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। প্রোক্ত সভায় প্রতি ক্যাডেটের ০১ জন অভিভাবক উপস্থিত থাকতে পারবেন (এ জন্য কোন প্রকার টিএ/ডিএ/সম্মানী প্রদান করা হবে না)। প্রোক্ত দিন সকাল ০৮.১৫ ঘটিকায় সম্মানিত অভিভাবকবৃন্দের জন্য একাডেমির বাস চট্টগ্রাম রেলওয়ে নতুন স্টেশনে অবস্থান করবে। বাসসমূহ সর্বশেষ ৮.৪৫ ঘটিকায় স্টেশন ত্যাগ করে একাডেমিতে অভিভাবক সমেত চলে আসবে। এছাড়াও পতেঙ্গা ১১ নং মেরিন একাডেমি জেটি হতে ০১ টি বোট সকাল ৮.৪৫ ঘটিকায় একাডেমির উদ্দেশ্যে যাত্রা করবে। তবে কেহ ব্যক্তিগত যানবাহন নিয়ে ক্যাম্পাসে আসতে চাইলে ৯.০০ ঘটিকার মধ্যে প্রবেশ করতে হবে। অনুষ্ঠান শেষে বাসসমূহ দুপুর ১১.৩০ ঘটিকায় অভিভাবকবৃন্দসহ শহরের উদ্দেশ্যে ক্যাম্পাস ত্যাগ করবে।

(২) ভর্তিকৃত ক্যাডেটবৃন্দ ০৭ মার্চ ২০২৪ তারিখ সকাল ০৮.৩০ ঘটিকায় চট্টগ্রাম রেলওয়ে স্টেশনে (নতুন) উপস্থিত হতে নির্দেশনা প্রদান করা হল। একাডেমির বাসসমূহ ক্যাডেটবৃন্দকে নির্ধারিত সময়সূচি অনুসরণ করে একাডেমিতে নিয়ে আসবে। এছাড়া কোনো ক্যাডেট ইচ্ছা করলে নিজস্ব ব্যবস্থাপনায় পতেঙ্গা ১১নং মেরিন একাডেমি জেটিতে আসতে পারবে। এক্ষেত্রে সকাল ৮.৪৫ ঘটিকায় একটি বোট একাডেমির উদ্দেশ্যে রওনা হবে। সরাসরি একাডেমিতে নিজস্ব ব্যবস্থাপনায় আসতে ইচ্ছুক ক্যাডেটবৃন্দ সকাল ০৯.০০ ঘটিকার মধ্যে একাডেমির মূল ফটকে হাজির থাকতে হবে।

(৩) তালিকা মোতাবেক মালামাল, ডকুমেন্ট ও সরঞ্জামাদি সঙ্গে আনতে হবে (সংযুক্তি -১)

(৪) যোগদানের পরবর্তী দিন সমূহে ক্যাডেটবৃন্দ পালাক্রমে তাদের পিতা/মাতা/অভিভাবকবৃন্দের সাথে ফোনে সংক্ষিপ্ত পরিসরে কথা বলার সুযোগ পাবে।

(৫) যোগদানের একমাস পর “অভিভাবক দিবস” (Parents’ Day) অনুষ্ঠিত হয়ে থাকে। তবে, এবছর রমজান ও ঈদের ছুটির কারণে পরবর্তীতে সুবিধাজনক সময়ে “অভিভাবক দিবস” (Parents’ Day) পালন করা হবে। এক সপ্তাহ পূর্বেই নির্ধারিত তারিখ ও সময় জানিয়ে দেয়া হবে এবং ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

(৬) প্রশিক্ষণকালীন সময়ে ক্যাডেটের অভিভাবক/আত্মীয়-স্বজন দেখা করতে পারবেন না। ক্যাডেট কোন প্রকার ব্যক্তিগত ছুটি পাবে না। তবে বিশেষ দুর্ঘটনা/নিকট আত্মীয়ের (যেমন-বাবা-মা, ভাই-বোন) মৃত্যুজনিত প্রয়োজনে এ্যাডজুটেন্ট এর মাধ্যমে কমান্ড্যান্ট বরাবর আবেদন করতে পারবে।

(৭) যে কোন বিশেষ প্রয়োজনে নিম্নলিখিত ফোন নম্বরে যোগাযোগ করা যাবে।

একাডেমি এক্সচেঞ্জ : ০২৩৩৩৩১৪১৫১-৬ (অপারেটর ০)

সিপিও (জিআই) : মো: নাজিম 01887634517 / মো: ফরিদ 01716204851

মো: মাহফুজুর (পিটিআই) 01815321536

০৩.০৩.২০২৪
ADJ
০৩.০৩.২০২৪
০৫০

০৩.০৩.২০২৪

০৩/৩/২৪

ক্যাপ্টেন মোঃ ইবনে কায়সার তৈমুর
কমান্ড্যান্ট (অতি: দা:)
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম-৪২০৬

৫৯ ব্যাচে যোগদানের দিন সাথে আনতে হবে

ইউনিফরমের তালিকা

ক্র. নং	বিবরণ (পুরুষদের জন্য)	পরিমাণ
১	সাদা হাফ শার্ট	০২ টি
২	কালো ফুল প্যান্ট	০২ টি
৩	পিটি সু	০১ জোড়া
৪	পুল ওভার/সোয়েটার/জ্যাকেট	০১ টি
৫	পাতলা কম্বল	০১ টি
৬	টাওয়েল	০১ টি

বিবরণ (ফিমেলদের জন্য)	পরিমাণ
সাদা কামিজ/ফ্রক	০২ টি
সাদা সালোয়ার	০২ টি
পিটি সু	০১ জোড়া
লেডিস ট্র্যাকসুয়াট/সোয়েটার/জ্যাকেট	০১ টি
পাতলা কম্বল	০১ টি
টাওয়েল	০১ টি

দ্রব্যসামগ্রীর তালিকা

ক্র. নং	বিবরণ (পুরুষদের জন্য)	পরিমাণ
১	রুমাল (সাদা) (আকারে ৪০ সে:মি: x ৪০ সে:মি:)	২ টি
২	নামাজের টুপি সুতী বা পলিষ্টার (কেবলমাত্র মুসলমানদের জন্য) সাদা	১ টি
৩	সাদা স্যাভো গেঞ্জি (নিজের সাইজ মোতাবেক)	প্রয়োজনীয় সংখ্যক
৪	আন্ডার ওয়্যার (নিজের সাইজ মোতাবেক)	প্রয়োজনীয় সংখ্যক
৫	সেভিং কিট, নেইল কাটার, গোসলের শ্যাম্পু, সাবান, পেস্ট ও ব্রাশ	১ সেট
৬	মুখের ক্রিম, লিপ জেল	১ সেট
৭	হ্যান্ডার (প্লাস্টিক)	৬ টি
৮	তালাচাবি ১ ইঞ্চি সাইজের	১ টি
৯	ব্যাংক একাউন্টের জন্য নমিনির পিপি সাইজ ছবি (সত্যায়িত ছাড়া) ও এনআইডি কার্ড (ফটোকপি)	২ টি
১০	পাসপোর্ট আকারের ফটো	০৮ কপি
১১	স্যাভেল সু -১ জোড়া, জুতার কালি ও ব্রাশ, স্পঞ্জ স্যাভেল	১ সেট
১২	চাবির রিং	১ টি

বিবরণ (ফিমেলদের জন্য)	পরিমাণ
রুমাল (সাদা) (আকারে ৪০ সে:মি: x ৪০ সে:মি:)	২ টি
আন্ডার গার্মেন্টস	প্রয়োজনীয় সংখ্যক
নেইল কাটার, গোসলের শ্যাম্পু, সাবান, পেস্ট ও ব্রাশ	সেট
মুখের ক্রিম, লিপ জেল	সেট
হ্যান্ডার (প্লাস্টিক)	৬ টি
তালাচাবি ১ ইঞ্চি সাইজের	১ টি
ব্যাংক একাউন্টের জন্য নমিনির পিপি সাইজ ছবি (সত্যায়িত ছাড়া) ও এনআইডি কার্ড (ফটোকপি)	২ টি
পার্সপোর্ট আকারের ফটো	০৮ কপি
স্যাভেল সু-১ জোড়া, জুতার কালি ও ব্রাশ, স্পঞ্জ স্যাভেল	১ সেট
চাবির রিং	১ টি

১৩.০৩.২০২৪
খালিদ মাহমুদ
নির্দেশিকা, মেরিন একাডেমি (চট্টগ্রাম) মেরিন
প্রধান শিক্ষা কর্মকর্তা
চট্টগ্রাম